ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২০০৩</u>

ধর্মনগর,২ ডিসেম্বর,২০২৪

**ধর্মনগরে নবম শ্রেণির ছাত্রীদের বাইসাইকেল**

ধর্মনগরের বিবিআই বিদ্যালয়ে আজ এক অনুষ্ঠানে ২০২২-২৩ অর্থবছরের নবম শ্রেণিতে পাঠরত ছাত্রীদের জন্য বাইসাইকেল বিতরণ করা হয়। বিদ্যালয়ের হলঘরে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ, জেলা শিক্ষা আধিকারিক সুখময় নাথ, বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকা প্রমুখ। অনুষ্ঠানে ৫০ জন ছাত্রীকে বাইসাইকেল দেওয়া হয়। উত্তর ত্রিপুরা জেলায় ২,৯৫৪ জন ছাত্রীকে বাইসাইকেল দেওয়া হবে। অনুষ্ঠানে খয়েরপুরের পল্লিমঙ্গল উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত রাজ্যভিত্তিক বাইসাইকেল প্রদান অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করা হয়।

*****